



স্মারক নং- ২৪.০৫.০০০০.৫৩৬.১৪.০০৮.২২-৬৭৮

তারিখঃ ১৫ অগ্রহায়ণ, ১৪২৯
০১ ডিসেম্বর, ২০২২

বিষয়ঃ ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক গৃহীত পদক্ষেপের অগ্রগতি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সহযোগিতায় এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের উদ্যোগে গত ২২-২৩ নভেম্বর, ২০২১ তারিখে অনুষ্ঠিত কর্মশালায় বাংলাদেশ তাঁত বোর্ড অংশগ্রহণ করে। উক্ত কর্মশালায় “Skill Development and Capacity Building in Handloom Sector as per Demand of 4th Industrial Revolution (4IR)” শীর্ষক প্রকল্পটি উপস্থাপন করা হয় এবং প্রকল্পটি চূড়ান্ত করা হয়। উক্ত প্রকল্পের আওতায় Digital Fabric Printing এবং Advance Loom Operation প্রশিক্ষণ কোর্স ২টি পাইলটিং করার লক্ষ্য নির্ধারণ করা হয়। প্রশিক্ষণ কোর্স ২টি বাস্তবায়নের নিমিত্ত বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক ইতোমধ্যে 4IR টিম গঠন করা হয়।

০২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর সহায়তায় বর্ণিত প্রশিক্ষণ কোর্স ২টির Competency Standard (CS), Curriculum, Competency Based Learning Material (CBLM) & Course & Institute Accreditation এর উপর প্রশিক্ষণ মডিউল তৈরি করা হয়। সে আলোকে গত ১৫.১১.২০২২ হতে ২০.১১.২০২২ তারিখ পর্যন্ত Advance Loom Operation বিষয়ে বাংলাদেশ তাঁত বোর্ডের ইন্সট্রাক্টর এবং কারিগরি কর্মকর্তা পর্যায়ে ২৭ জন কর্মকর্তাকে ToT প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সটি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মহোদয় শুব উল্লেখ করেন। উক্ত প্রশিক্ষণ কোর্সে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত অধ্যাপক/সহযোগী অধ্যাপক এবং বেসরকারি শিল্প প্রতিষ্ঠানের সিনিয়র ব্যবস্থাপক/পরিচালক প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ কার্যক্রম সম্পাদন করেন। এছাড়া, উক্ত প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থীরা Field Attachment এর মাধ্যমে সরাসরি কারখানাগুলোতে ব্যবহৃত উন্নত প্রযুক্তির উপর প্রায়োগিক জ্ঞান লাভ করেন। প্রশিক্ষকগণ তাঁদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান বাংলাদেশ তাঁত বোর্ডের ০৮টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাঁতিদের নতুন ও আধুনিক প্রযুক্তির ধারণা প্রদান করা সম্ভব হবে এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় তাঁতি উদ্যোক্তাগণ সক্ষমতা অর্জন করবেন। পরবর্তীতে Digital Fabric Printing বিষয়ে ১৫ দিনের প্রশিক্ষণ প্রদান ও কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে। 4IR সংক্রান্ত গৃহীত অগ্রগতি এতদসঙ্গে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) ফর্দ।

মোঃ ইউসুফ আলী
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
(অতিরিক্ত দায়িত্ব)


ফোনঃ ৫৫০১২২৩০
ই-মেইলঃ bhb.gov@gmail.com


সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।


[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও চীফ ইনোভেশন অফিসার), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।]

4IR এর চ্যালেঞ্জ মোকাবেলায় তাঁত বোর্ডের গৃহীত কার্যক্রমের অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণঃ

- (i) Initiate 4IR Based Projects: “Skill Development and Capacity Building in Handloom Sector as per Demand of 4th Industrial Revolution (4IR)”
- (ii) 4IR team formation;
- (iii) Training need analysis (TNA);
- (iv) Competency Standard (CS);
- (v) Curriculum approved by Bangladesh Technical Education Board;
- (vi) Participant Selection: Bangladesh Handloom Board officials (Instructor & Technical officer);
- (vii) Course selection: (1) Digital Fabric Printing
(2) Advance Loom Operation
- (viii) Budget approval;
- (ix) Training of Trainers (ToT): ToT training on Advance Loom Operation has been completed.
(Duration: from 15.11.2022 to 20.11.2022)
No. of participants: 27
- (x) Future plan: (1) ToT training on Digital Fabric Printing will be started very soon.
(2) Weavers training on Advance Loom Operation will be arranged.


মোঃ হুসুফ আলী
চেয়ারম্যান (অঃ দায়) (ভিত্তিক সচিব)
বাংলাদেশ তাঁত বোর্ড
বস্ত্র ও পাট মন্ত্রণালয়




 মোঃ হোসুফ আলী
 চেয়ারম্যান (অঃ দায়) (অতিরিক্ত সচিব)
 বাংলাদেশ তাঁত বোর্ড
 বস্ত্র ও পাট মন্ত্রণালয়